# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ

কার্যালয়ঃ ৩৪৬/২ ঢোলাদিয়া রোড, কাঠগোলা বাজার, ময়মনসিংহ
ফোন ঃ ০৯১-৬৩৩৩৩ (অনুসন্ধান)
E-mail : chairmanbisemym@gmail.com
www.mymensingheducationboard.gov.bd


স্মারক নং- ময়শিবো/কাউন্সিল/০১/০২/২০২৫/১৫ তারিখঃ ২৮/০৪/২০২৫খ্রি

বিষয়ঃ উচ্চমাধ্যমিক পর্যায়ে "ইসলাম শিক্ষা" বিষয় খোলার অনুমতি প্রদানের বিষয়ে চাহিদা মোতাবেক পরিদর্শন প্রতিবেদন পুনরায় নতুন ছকে প্রেরণ প্রসঙ্গে।

শিক্ষা মন্ত্রণালয় স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.৩৩.০০৮.২৪.৫৮ তারিখঃ- ২৪/০২/২০২৫ খ্রিঃ এবং শিক্ষা মন্ত্রণালয় স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.৩৩.০০৫.২১.১৪০ তারিখঃ ২৪/০৬/২০২৪ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে জামালপুর জেলার সদর উপজেলাধীন "হযরত শাহজামাল (রঃ) স্কুল এন্ড কলেজ" এ উচ্চমাধ্যমিক পর্যায়ে "ইসলাম শিক্ষা" বিষয় খোলার খোলার অনুমতির লক্ষ্যে ময়মনসিংহ শিক্ষা বোর্ড কর্তৃক পরিদর্শন করা হয়েছে। পরিদর্শন কর্মকর্তার সুপারিশ ও মন্তব্য সম্বলিত প্রতিবেদনটি পরবর্তী সদয় নির্দেশনার জন্য এতদসঙ্গে পুনরায় প্রেরণ করা হলো।

২৮/৪/২০২৫
( প্রফেসর ড. মো: শহীদুল্লাহ )
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ।

28.04.25

সিনিয়র সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সংযুক্তঃ ০৪ (চার) ফর্দ।

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নং: ৩৭.০০.০০০০.০৭২.৩৩.০০৮.২৪.৫৮

তারিখ: ১১ ফাল্গুন ১৪৩১
২৪ ফেব্রুয়ারি ২০২৫

বিষয়: বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমিক/উচ্চ মাধ্যমিবক পর্যায়ে বিষয় খোলা এবং বিভাগ খোলা এর প্রক্রিয়াকরণ কমিটির সভার কার্যবিবরনী মোতাবেক হালনাগদ তথ্য প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ২৩.০১.২০২৫ তরিখের বেসরকারি উদ্যোগে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের প্রশাসনিক আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, স্কুল এন্ড কলেজ এবং কলেজ) স্থাপন, চালুকরণ ও স্বীকৃতি/অতিরিক্ত শ্রেণি শাখা/বিষয় খোলা এবং বিভাগ খোলা এর প্রক্রিয়াকরণ কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক পর্যায়ে বিষয় খোলা/বিভাগ খোলার বিষয়ে শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা নিম্নরুপ :

| ক্র. নং | শিক্ষা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা এবং EIIN নম্বর | আবেদনের বিষয় |
|---|---|---|
| ১ | কুটিরচর স্কুল এন্ড কলেজ, রৌমারী, কুড়িগ্রাম। **EIIN**-১২২৫৫৮ | উচ্চ মাধ্যমিক পর্যায়ে বিষয় খোলা |
| ২ | এসকেএস স্কুল এ্যান্ড কলেজ, সদর, গাইবান্ধা। **EIIN**-১৩৮৪০০ | |
| ৩ | লক্ষণপুর উচ্চ বিদ্যালয় ও কলেজ, সৈয়দপুর, নীলফামারী। **EIIN**-১২৫২১২ | |
| ৪ | রাজশাহী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, বোয়ালিয়া, রাজশাহী।**EIIN**-১৩৭৬৮৬ | |
| ৫ | আবেদ আলী গার্লস স্কুল এন্ড কলেজ, শ্রীপুর, গাজীপুর। EIIN-**১০৯৩৩৫** | |
| ৬ | বাড্ডা আলাতুন্নেছা উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, গুলশান, ঢাকা। **EIIN**-১০৭৮৪১ | |
| ৭ | সৈয়দপুর উচ্চ বিদ্যালয় ও কলেজ, সুজানগর, পাবনা। **EIIN**- ১২৫৭৯৮ | |
| ৮ | বিয়াম ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজ, সিংড়া, নাটোর। **EIIN**-১৩০৯৭৫ | |
| ৯ | শালফা টেকনিক্যাল স্কুল অ্যান্ড বিএম কলেজ, শেরপুর, বগুড়া। **EIIN**-১৩২১১৯ | |
| ১০ | হযরত শাহজামাল (রঃ) স্কুল এন্ড কলেজ, সদর, জামালপুর। **EIIN**-১০৯৯৩৮ | |
| ১১ | সাটিরপাড়া কালী কুমার ইন্সটিটিউশ স্কুল এন্ড কলেজ, সদর, নরসিংদী। **EIIN**-১১২৬৭১ | |
| ১২ | আব্দুল মান্নান বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ, সোনাতলা, বগুড়া। **EIIN**-১১৯৯৩৪ | |
| ১৩ | নিজমাওনা উচ্চ বিদ্যালয়, শ্রীপুর, গাজীপুর। **EIIN**- ১০৯৩৭১ | মাধ্যমিক পর্যায়ে বিষয় খোলা |
| ১৪ | ইন্দারজানী পাবলিক উচ্চ বিদ্যালয়, সখিপুর, টাঙ্গাইল। **EIIN**-১১৪৬০৭ | |
| ১৫ | সাধনপুর হাইস্কুল এন্ড কলেজ, পুঠিয়া, রাজশাহী। **EIIN**-১২৬৯৫৩ | |
| ১৬ | বছিলা উচ্চ বিদ্যালয়, মোহাম্মদপুর, ঢাকা। **EIIN**- ১০৮০৪১ | |
| ১৭ | বাটখোলা বাছেত খন্দকার বালিকা উচ্চ বিদ্যালয়, রায়পুর, নরসিংদী। **EIIN**- ১৩৯২০৬ | মাধ্যমিক পর্যায়ে বিজ্ঞান বিভাগ খোলা। |
| ১৮ | বছিলা উচ্চ বিদ্যালয়, মোহাম্মদপুর, ঢাকা। **EIIN**- ১০৮০৪১ | |
| ১৯ | ইচ্ছাগঞ্জ মাধ্যমিক বিদ্যালয়, করিমগঞ্জ, কিশোরগঞ্জ। **EIIN**- ১১৩৫৪ | |
| ২০ | আকিজ ফাউন্ডেশন হাই স্কুল, উত্তরা, ঢাকা। **EIIN**-১৩৬৩১৮ | মাধ্যমিক পর্যায়ে 'বিজ্ঞান' এবং 'ব্যবসায় শিক্ষা বিভাগ' খোলা। |
| ২১ | ন্যাশনাল উচ্চ বিদ্যালয়, কেরানীগঞ্জ, ঢাকা। EIIN-১৩৬৯৩৫ | |
| ২২ | চরকাউরিয়া খামারপাড়া উচ্চ বিদ্যালয়, বকশীগঞ্জ, জামালপুর। **EIIN**- ১০৯৬৯৫ | |
| ২৩ | আমলীতলা উচ্চ বিদ্যালয়, সদর, ময়মনসিংহ। **EIIN**- ১১১৮২৫ | |
| ২৪ | তাহেরপুর হাজী লালমিয়া উচ্চ বিদ্যালয়, সোনারগাঁ, নারায়ণগঞ্জ। **EIIN**-১১২৩৫২ | |
| ২৫ | আলোয়া উচ্চ বিদ্যালয়, ভূঞাপুর, টাঙ্গাইল। **EIIN**-১১৪০৪১ | |
| ২৬ | চরকাউরিয়া খামারপাড়া উচ্চ বিদ্যালয়, বকশীগঞ্জ, জামালপুর। **EIIN**-১০৯৬৯৫ | |
| ২৭ | এন.বি.এল হাজী লুৎফর রহমান উচ্চ বিদ্যালয়, দেবীগঞ্জ, পঞ্চগড়। **EIIN**-১৩৮২৪৩ | |
| ২৮ | বছিলা উচ্চ বিদ্যালয়, মোহাম্মদপুর, ঢাকা। **EIIN**- ১০৮০৪১ | |

G:\2025\লেটার-২৫.docx

| ক্র. নং | শিক্ষা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা এবং EIIN নম্বর | আবেদনের বিষয় |
|---|---|---|
| ২৯ | ঘুনসী উচ্চ বিদ্যালয়, সদর, মাদারীপুর। EIIN-১১০৭৫০ | মাধ্যমিক পর্যায়ে 'ব্যবসায় শিক্ষা বিভাগ' খোলার |
| ৩০ | লায়ন মুজিব মুনা বালিক উচ্চ বিদ্যালয়, কুলিয়ারচর, কিশোরগঞ্জ। EIIN-১৩৪৫৪০ | মাধ্যমিক পর্যায়ে ব্যবসায় শিক্ষা বিভাগ খোলা |
| ৩১ | বকচর তুইতাল উচ্চ বিদ্যালয়, নবাবগঞ্জ, ঢাকা। EIIN-১৩০৬৮৮ | |
| ৩২ | মাওনা বহুমুখী উচ্চ বিদ্যালয়, মাওনা, গাজীপুর। EIIN- ১০৯৩৩৯ | |
| ৩৩ | হাজী মোঃ এখলাছউদ্দিন ভূঁইয়া উচ্চ বিদ্যালয় এন্ড কলেজ, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ। EIIN-১১২৫১১ | উচ্চ মাধ্যমিক পর্যায়ে মানবিক ও বিজ্ঞান বিভাগ খোলা |
| ৩৪ | চন্ডিপুর ফজলুল হক উচ্চ বিদ্যালয় ও কলেজ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা। EIIN-১২১৭৬৬ | উচ্চ মাধ্যমিক পর্যায়ে বিজ্ঞান বিভাগ খোলা |
| ৩৫ | সিনহা উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, কাঁচপুর, নারায়নগঞ্জ। EIIN-১১২৩৭২ | উচ্চ মাধ্যমিক পর্যায়ে 'মানবিক বিভাগ' খোলা |
| ৩৬ | ভাওয়াল মির্জাপুর পাবলিক স্কুল এন্ড কলেজ, সদর, গাজীপুর। EIIN-১৩৪১০৯ | |

২। এমতাবস্থায়, উপরি উল্লিখিত শিক্ষা প্রতিষ্ঠানের সভার সিদ্ধান্ত মোতাবেক আগামী ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে তথ্য প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মোহাম্মদ সুহেল মাহমুদ)
উপসচিব
ফোন: ৯৫৪৫০৩২
nongovt.secondary.sec1@shed.gov.bd

সংযুক্তি: বর্ণনা মোতাবেক

চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা/রাজশাহী/দিনাজপুর/ময়মনসিংহ ।

স্মারক নং: ৩৭.০০.০০০০.০৭২.৩৩.০০৮.২৪.৫৮

তারিখ: ১১ ফাল্গুন ১৪৩১ / ২৪ ফেব্রুয়ারি ২০২৫

<u>সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১। যুগ্মসচিব, বেসরকারি মাধ্যমিক অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
২। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, [ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]।
৩। প্রধান শিক্ষক/অধ্যক্ষ, ......................................................।
৪। অতিরিক্ত সচিব (মাধ্যমিক-২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৫। অফিস কপি।

(মোহাম্মদ সুহেল মাহমুদ)
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক ১-শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

বিষয় : বেসরকারি উদ্যোগে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের প্রশাসনিক আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, স্কুল এন্ড কলেজ এবং কলেজ) স্থাপন, চালুকরণ ও স্বীকৃতি/অতিরিক্ত শ্রেণি শাখা/বিষয় খোলা এবং বিভাগ খোলা এর প্রক্রিয়াকরণ কমিটির সভার কার্যবিবরনী।

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মো: হুমায়ুন কবীর, অতিরিক্ত সচিব (মাধ্যমিক-২) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। |
| তারিখ | : ২৩.০১.২০২৫ |
| সময় | : বেলা ১০.৩০ টা। |
| স্থান | : সম্মেলন কক্ষ নং-১৮১৫, ভবন নং-৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা |
| সভার উপস্থিতি | : সংযুক্তি (পতাকা- 'ক') |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাযক্রম শুরু করনে এবং এ সংক্রান্ত কমিটির সকলের সাথে পরিচিত হোন। অতপর তিনি সভার বিষয়বস্তু ও আবেদনগুলি উপস্থাপনের জন্য উপসচিব, বেসরকারি মাধ্যমিক-১ শাখাকে নির্দেশনা দিলে তিনি জানান যে, Case by case উপস্থাপনের জন্য মোট ৭২ টি আবেদন বিবেচনাধীন রয়েছে। এর মধ্যে অতিরিক্ত শ্রেণি শাখা খোলার ৪১ টি, বিষয় খোলা ১৫ টি এবং বিভাগ খোলার ১৬ টি আবেদন রয়েছে।

২। তিনি আরো জানান যে, গত ০২/০৩/২০২৩ তারিখের ৩৭.০০.০০০০.০৭২.৩৯.০০২.২২.৬৪ সংখ্যক স্মারকমূলে বেসরকারি উদ্যোগে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের প্রশাসনিক আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, স্কুল এন্ড কলেজ এবং কলেজ) স্থাপন, চালুকরণ ও স্বীকৃতি/অতিরিক্ত শ্রেণি শাখা/বিষয় খোলা এবং বিভাগ খোলা এর প্রক্রিয়াকরণ কমিটি গঠন করা হয়। উক্ত কমিটি দ্বারা অতিরিক্ত শ্রেণি শাখা/বিষয় খোলা/বিভাগ খোলা সংক্রান্ত নিষ্পত্তির প্রক্রিয়া করা হয়ে থাকে। এছাড়া অতিরিক্ত শ্রেণি শাখা খোলার ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের গত ১০-০২-২০০৫ তারিখের শিম/শা-১১/৩(১০)/৯৯/২১৩ সংখ্যক স্মারকে নির্দেশনা ছিল। একইভাবে বিষয় এবং বিভাগ খোলার ক্ষেত্রে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবল কাঠামো ও এম.পি.ও.নীতিমালা-২০২১ অনুসরণ করা হয়।

৩। অত:পর সভাপতি মহোদয় বিষয় ভিত্তিক Case by case আবেদন উপস্থাপনের আহ্বান জানান। সভাপতির অনুমোদন ক্রমে উপসচিব বেসরকারি মাধ্যমিক-১ শাখা প্রথমে বিষয় খোলার অনুমোদনের জন্য নির্ধারিত Case সমূহ উপস্থাপন করা শুরু করেন। উপস্থাপনকালে নিম্নলিখিত তথ্য ঘাটতি/অসম্পর্ন তথ্য/ হালনাগদ তথ্য না থাকার বিষয়টি সভায় দৃশ্যমান হয়:

(১) সকল ক্ষেত্রে ব্যানবেইস এর হাল নাগদ তথ্যদি উপস্থাপন করা হয় নি;
(২) কিছু কিছু প্রতিষ্ঠানের ক্ষেত্রে শ্রেণি কক্ষের সংখ্যা উল্লেখ করা হয় নি;
(৩) প্রয়োজনীয় শিক্ষকের সঠিক তথ্য নেই;
(৪) একই ক্যাচমেন্ট এলাকার সম-পর্যায়ের অন্যান্য প্রতিষ্ঠানের তথ্য নেই;
(৫) শিক্ষা বোর্ডসমূহ হতে প্রাপ্ত তথ্য ফরম Unified নয়;
(৬) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর হতে প্রাপ্ত প্রতিবেদন বিবেচনাধীন প্রতিষ্ঠানের কাংক্ষিত সংখ্যক শাখা/বিষয়/শ্রেণির সংখ্যা হ্রাস করে প্রতিবেদন প্রদান করা হলে ও সংখ্যা হ্রাসের কোন যৌক্তিকতা উল্লেখ নেই।

৪। সভায় উপস্থিত সকলেই এ সকল বিষয় একমত পোষণ করেন। এ সকল বিষয়ের উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

| ক্র.নং | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| (১) | সকল ক্ষেত্রে ব্যানবেইস এর হালনাগদ তথ্যদি উপস্থাপনকরণ | মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সংশ্লিষ্ট) |
| (২) | কিছু কিছু প্রতিষ্ঠানের ক্ষেত্রে শ্রেণি কক্ষের সংখ্যা উল্লেখকরণ | মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সংশ্লিষ্ট) |
| (৩) | প্রয়োজনীয় শিক্ষকের সঠিক তথ্য প্রেরণ | মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সংশ্লিষ্ট) |
| (৪) | একই ক্যাচমেন্ট এলাকার সম-পর্যায়ের অন্যান্য প্রতিষ্ঠানের তথ্য প্রেরণ করতে হবে। | মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সংশ্লিষ্ট) |
| (৫) | হালনাগাদ ফরম অনুযায়ী তথ্য প্রেরণ করতে হবে। | মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সংশ্লিষ্ট) |
| (৬) | অতিরিক্ত শ্রেণি শাখা খোলার ক্ষেত্রে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর হতে প্রাপ্ত প্রতিবেদন বিবেচনাধীন প্রতিষ্ঠানের কাংক্ষিত সংখ্যক অতিরিক্ত শ্রেণি শাখার সংখ্যা হ্রাস করে প্রতিবেদন প্রদান করা হলেও সংখ্যা হ্রাসের যৌক্তিক কারণ পত্রে উল্লেখ করতে হবে। | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা। |

৫। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৮১/০১/২০২৫

(মো: হুমায়ুন কবীর)
অতিরিক্ত সচিব (মাধ্যমিক-২)
ও
সভাপতি
বেসরকারি উদ্যোগে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের প্রশাসনিক আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, স্কুল এন্ড কলেজ এবং কলেজ) স্থাপন, চালুকরণ ও স্বীকৃতি/অতিরিক্ত শ্রেণি শাখা/বিষয় খোলা এবং বিভাগ খোলা এর প্রক্রিয়াকরণ কমিটি।